

“শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
খানসামা, দিনাজপুর।
www.dwa.khansama.dinajpur.gov.bd

স্মারক নং - ৩২.০১.২৭৬০.০০০.২৫.০০১.২৩- ৫৫

তারিখ : ১৩ ফাল্গুন ১৪৩০ বঃ
১৬ মার্চ ২০২৪ খ্রিঃ


প্রশিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত “মহিলা প্রশিক্ষণ কেন্দ্র(WTC)” উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, খানসামা, দিনাজপুর-এ ২০২৩-২০২৪ অর্থবছরের এপ্রিল/২৪ - জুন/২৪ সেশনে ০৩(তিন) মাস মেয়াদী “আধুনিক দর্জি বিজ্ঞান” প্রশিক্ষণ কোর্সে ভর্তি ইচ্ছুক মহিলাদের নিকট হতে নিম্নোক্ত শর্তে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	ট্রেডের নাম	আসন সংখ্যা	কোর্সের মেয়াদ	শিক্ষাগত যোগ্যতা	আবেদন ফরম সংগ্রহ ও জমাদানের শেষ তারিখ	ভর্তি পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণের তারিখ
১	আধুনিক দর্জি বিজ্ঞান	৩০	৩(তিন) মাস	৮ম শ্রেণী	২৫/০৩/২০২৪ খ্রিঃ	২৮/০৩/২০২৪ খ্রিঃ

শর্তাবলী :

- আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক এবং খানসামা উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- আবেদনকারীর বয়স ২৮ মার্চ, ২০২৪ তারিখে ১৮-৪০ বছরের মধ্যে হতে হবে (বিশেষ ক্ষেত্রে শিথিলযোগ্য)।
- আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্রের ফটোকপি, পৌরসভা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নিকট হতে নাগরিকত্ব সনদপত্র এবং আবেদনকারীর সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে।
- নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে আবেদন ফরম সংগ্রহ করে ২৫/০৩/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে জমা দেয়া যাবে।
- দরিদ্র/পরিবার প্রধান/স্বামী পরিত্যক্তা/বিধবা/তালাকপ্রাপ্তা/বাল্যবিবাহে বুকিপূর্ণ/নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠি/আশ্রয়ন কেন্দ্রে বসবাসরত মহিলাগণ অগ্রাধিকার পাবেন।
- আবেদন ফরমের কোন তথ্য গোপন করলে এবং পরবর্তীতে তা প্রমানিত হলে তার ভর্তি বাতিল করা হবে।
- ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।
- সকাল ১০.০০ ঘঃ হতে দুপুর ০২.০০ ঘঃ পর্যন্ত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হবে। নির্বাচিত প্রশিক্ষার্থীগণ দৈনিক ১০০/- (একশত) টাকা হারে (সরকারি বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে এবং উপস্থিতির ভিত্তিতে) প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেন।
- অত্র প্রশিক্ষণ কেন্দ্র হতে যারা ইতোপূর্বে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।
- সরকারী যে কোন বিধি বিধান অনুসরণ করা হবে।


১৩.০৬.২০২৪
(আফসানা মোস্তারী)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অঃ দাঃ)
খানসামা, দিনাজপুর।

☎: ০২-৫৮৯৯২৯৬৭৯ (অফিস)

E-mail : uwaokhansama@gmail.com

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।
- ৩। উপ-পরিচালক, উপ-পরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, দিনাজপুর।
- ৪। উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর।
- ৫। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর।
- ৬। উপজেলা..... অফিসার, খানসামা, দিনাজপুর।
- ৭। চেয়ারম্যান/ইউপি.সচিব,..... ইউপি(সকল), খানসামা, দিনাজপুর (বিজ্ঞপ্তিটি সকল আশ্রয়ন কেন্দ্রসহ অন্যান্য স্থানে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৮। সভাপতি/সম্পাদক, খানসামা প্রেসক্লাব, খানসামা, দিনাজপুর।
- ৯। সভানেত্রী/সম্পাদিকা,..... সমিতি, খানসামা, দিনাজপুর।
- ১০। অফিস কপি/নোটিশ বোর্ড।